চতুর্থ শিল্প বিপ্লবের নেতৃত্বের পথে ডিজিটাল বাংলাদেশ

“চতুর্থ শিল্প বিপ্লব এবং ডিজিটাল বাংলাদেশ” শীর্ষক ওয়েবিনারে দেশের তথ্যপ্রযুক্তিবিদ, শিক্ষাবিদ, অধ্যাপক ও তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞদের নিয়ে অনলাইন ভিত্তিক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আগামীর বাংলাদেশ প্রযুক্তির দিক দিয়ে বিশ্বের মধ্যে অগ্রগণ্য ভূমিকা রাখবে বলে মতামত প্রকাশ করেন আলোচকরা।

গতকাল শুক্রবার রাতে অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবুর সভাপতিত্বে ওয়েবিনারের প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মোস্তফা জব্বার।

তিনি বলেন, আইসিটি ক্যাডারের প্রতি তাঁর পূর্ণ সমর্থন রয়েছে এবং কম্পিউটার পেশাজীবীদের জন্য পৃথক ক্যাডার খোলার ব্যাপারে তিনি সর্বদা তাঁর বলিষ্ঠ পদক্ষেপ অব্যাহত রাখবেন।

এছাড়াও তিনি আরও বলেন, বাংলাদেশ কম্পিউটার সোসাইটি হলো বাংলাদেশের তথ্য প্রযুক্তিবিদদের একটি প্রাচীনতম সংগঠন যার সহযোগিতার জন্য তিনি সর্বদা প্রস্তুত।

ওয়েবিনারে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ কম্পিউটার সোসাইটির জেনারেল সেক্রেটারী মোঃ তমিজ উদ্দীন আহমেদ।

বিশেষ অতিথি হিসেবে যুক্ত ছিলেন, বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ মোঃ ছাদেকুল আরেফিন।

তিনি বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের ধারা অব্যাহত থাকলে বাংলাদেশ এগিয়ে যাবে দূর থেকে বহুদূর।

বাংলাদেশ কম্পিউটার সোসাইটির প্রেসিডেন্ট অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বে এবংমাননীয় আইসিটি উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয়ের বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণের ফলে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ ইতিমধ্যে অনেক দূর এগিয়ে গেছে।

তিনি আরো বলেন ভবিষতে চতুর্থ শিল্প বিপ্লবকে কাজে লাগিয়ে বাংলাদেশের উন্নয়নের ধারাকে আরো বেগবান করতে হবে। বাংলাদেশ কম্পিউটার সোসাইটির সভাপতি একই সাথে মাননীয় প্রধানমন্ত্রী ও আইসিটি উপদেষ্টার কাছে তথ্যপ্রযুক্তিবিদদের নানামুখী সমস্যা সমাধানের জন্য বিশেষভাবে অনুরোধ করেন।

এছাড়াও মূল আলোচক হিসেবে যুক্ত ছিলেন, অধ্যাপক ডঃ রামেশ্বর দেবনাথ ডিজিটাল বাংলাদেশের প্রেক্ষাপট ও চতুর্থ শিল্প বিপ্লবের অগ্রযাত্রার কথা তুলে ধরেন।

অনান্যদের মধ্যে আলোচক হিসেবে যুক্ত ছিলেন, অধ্যাপক ডঃ নাসিম আখতার এবং অধ্যাপক ডঃ মোঃ শামসুল আরেফিন প্রমুখ।

অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন, কাউন্সিলর মোঃ জারাফাত ইসলাম। ভার্চুয়াল সেমিনারে জুমের মাধ্যমে শতাধিক তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের আমঝুপিতে সবার জন্য পুষ্টিকর খাদ্য চাই বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

‘সাবার জন্য পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্য চাই’ এই প্রতিপাদ্য কে সামনে রেখে মেহেরপুরের আপঝুপিতে অনুষ্ঠিত হয়েছে এক মতবিনিময় সভা।

গতকাল শনিবার সকাল ১০ টার দিকে আমঝুপি মউকের হলরুমে এই সবা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ খাদ্য অধিকার মেহেরপুর জেলা কমিটি ও মানব উন্নয়ন কেন্দ্র মউকের যৌথ উদ্যোগে এ সভার আয়োজন করা হয়।

জেলা কমিটির সদস্য মোঃ আব্দুর রকিব এর সভাপতিত্বে সভায় দরিদ্র মানুষের খাদ্য ও পুষ্টির উপর কোভিড ১৯ এর প্রভাব শির্ষক জরিপের ফলাফল নিয়ে মতবিনিময় সভায় বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র

মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

সভায় উন্মেুক্ত আলোচনায় অংশগ্রহন করেন সমাজ সেবক আক্তার হোসেন, সাবেক ইউপি সদস্য শহিদুল্লাহ। সভায় মেহেরপুর জেলার বর্তমান করোনা পরিস্থিতি বিষয়ে বিষধ আলোচনা করা হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন মউকের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মোঃ আলোমগীর হোসেন।

মেহেরপুরে নতুন ৩ জন করোনায় আক্রান্ত :: মোট ৫৮১

মেহেরপুরে নতুন করে আরো ৩ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এর মধ্যে সদর উপজেলায় ২ জন, মুজিবনগরে ১জন। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাড়িয়েছে ৫৮১ জনে।

আজ সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ১৪ টি রিপোটের মধ্যে ৩ টি পজিটিভ। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩৭৮২ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ৬০ (সদর-২৩, গাংনী- ২৬ , মুজিবনগর – ১১) জন।

এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ১৫ জনের। তার মধ্যে সদরে- ৭, গাংনী- ৬, মুজিবনগর- ২)।

সুস্থ হয়েছেন ৪৬৩ (সদর-২৫২, গাংনী -১৬৮, মুজিবনগর- ৪৩) জন । অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ৪০ জনকে।

জনতার হাতে ধরা পড়লো সাইকেল চোর

মেহেরপুর নতুন পাড়া মোড়ে সাইকেল চুরি করার সময় সাইকেল সহ ধরা পড়ল সাইকেল চোর।

আজ বৃহস্পতিবার দুপুর ২ টার দিকে মেহেরপুর নতুন পাড়া মোড়ে আলেয়া স্টোরের সামনে থেকে সাইকেল চুরি করার সময় হাতে নাতে ধরা পড়ে সাইকেল চোর সেলিম (২৪)।

সেলিম কুষ্টিয়া দৌলতপুর থানার ৭ নম্বর ওয়ার্ড খলিসাকুন্ডি গ্রামের ছমীর আলীর ছেলে।

সাইকেলর মালিক সাইদুল জানান, সাইকেলের তালা ভাঙ্গছিলো এমন অবস্থায় সিসি ক্যামেরায় দেখে তাকে হাতেনাতে ধরা হয়।

এসময় সেলিমকে ধরে পুলিশে সোপর্দ করে স্থানীয় জনগণ।

মেহেরপুর সদর থানার এস আই ইকবাল জানান, সাইকেল চোর ধরার খবর পেয়ে আমরা সেখানে গিয়ে সেলিমকে থানায় নিয়ে আসি। বর্তমানে সেলিম থানা কাস্টডিতে আছে।

হতাহতের পরিবারকে ৫ লাখ টাকা করে দিতে তিতাসকে নির্দেশ

নারায়ণগঞ্জে মসজিদে গ্যাসের লিকেজ থেকে বিস্ফোরণে দগ্ধ ৩৭ জনের পরিবারকে জরুরি প্রয়োজন বিবেচনায় পাঁচ লাখ টাকা করে দিতে তিতাস গ্যাস ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।

আদালতের আদেশ পাওয়ার সাত দিনের মধ্যে এ টাকা দিতে বলা হয়েছে। নারায়ণগঞ্জের ডিসিকে ভুক্তোভোগীদের মাঝে এ টাকা বিতরণ করতে

বলেছেন আদালত।

এ সংক্রান্ত একটি রিটের শুনানি নিয়ে বুধবার বিচারপতি জেবিএম হাসান ও বিচারপতি মো. খায়রুল আলমের হাইকোর্ট বেঞ্চ বুধবার রুলসহ এ আদেশ দেন।

দগ্ধ ৩৭ জনের পরিবারকে ৫০ লাখ টাকা ক্ষতিপূরণ দিতে কেন নির্দেশ দেওয়া হবে না, জানতে চাওয়া হয়েছে রুলে।

সুপ্রিম কোর্টের আইনজীবী মার-ই-য়াম খন্দকার সোমবার জনস্বার্থে এ রিট আবেদন করেছিলেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী তৈমুর আলম খন্দকার। রাষ্ট্রপক্ষে শুনানি করেন অতিরিক্তি অ্যাটর্নি জেনারেল মুরাদ রেজা ও ডেপুটি অ্যাটর্নি জেনারেল নূর-উস সাদিক।

প্রসঙ্গত, গত শুক্রবার রাত সাড়ে ৮টার দিকে নারায়ণগঞ্জ শহরের পশ্চিম তল্লা এলাকায় বায়তুস সালাত জামে মসজিদে বিকট শব্দে বিস্ফোরণ ঘটে। এতে অর্ধশতাধিক মুসল্লি দগ্ধ হন।

দগ্ধ ব্যক্তিদের মধ্যে ৩৭ জনকে গুরুতর অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। তাদের মধ্যে ২৮ জনের মৃত্যু হয়েছে। চিকিৎসাধীন আরও ৮ জনের অবস্থা আশঙ্কাজনক বলে জানান চিকিৎসকরা।

মাহবুবুল আলম হানিফ হতে যাচ্ছেন সভাপতি মণ্ডলীর সদস্য

!

শোকের মাসে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা বড় ধরনের কোন সিদ্ধান্ত নেন না। স্বাভাবিকভাবে রুটিন কার্যক্রমগুলো চলে এবং সরকারের পক্ষ থেকেও বড় ধরণের কোন কর্মসূচি বা কর্মকাণ্ড গ্রহণ করা হয়না। শোকের মাস শেষে চলতি মাসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বেশকিছু বড় ধরণের পদক্ষেপ নেবেন বলে সরকারের একাধিক দায়িত্বশীল সূত্র ইঙ্গিত করেছে এবং সেখানে সরকারে একটি বড় ধরণের পরিবর্তন

যায়নি।

গত কিছুদিন ধরেই আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য মতিয়া চৌধুরীকে অত্যন্ত সরব দেখা গেছে, বিশেষ করে করোনা সঙ্কটের সময় তাঁর ভূমিকা দলের ভেতরে এবং দলের নীতিনির্ধারক মহলে প্রশংসিত হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কার্যক্রমে খুশী বলে একাধিক শীর্ষ নেতা জানিয়েছেন। মতিয়া চৌধুরী তিন দফা আওয়ামী লীগ সরকারের মন্ত্রী ছিলেন। ১৯৯৬ থেকে ২০০১ এবং ২০০৮ থেকে টানা ২০১৮ পর্যন্ত সময়ে তিনি কৃষি মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করেন। কৃষিমন্ত্রী হিসেবে বাংলাদেশের ইতিহাসে সবথেকে সফল মন্ত্রী হিসেবে ছিলেন এবং এই কারণে মন্ত্রিসভায় তিনি ফিরে আসতে পারেন এমন গুঞ্জন শোনা যাচ্ছে।

শুধু বেগম মতিয়া চৌধুরী নয়, আমির হোসেন আমুরও মন্ত্রিসভায় ফিরে আসার গুঞ্জন শোনা যাচ্ছে। তবে আসলে তারা মন্ত্রিসভায় ফিরবেন কিনা এই সম্পর্কে নিশ্চিত কোন তথ্য পাওয়া যায়নি।

আওয়ামী লীগের একাধিক সূত্র বলছে যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৮ এর ৩০ ডিসেম্বরের নির্বাচনের পর একটি আনকোরা মন্ত্রিসভা গঠন করেছিলেন। কারণ তখনকার বাস্তবতা ছিল ভিন্ন। সেসময়ে পুরো দেশ এবং সরকার মুজিববর্ষ এবং স্বাধীনতার অর্ধশত বছর উদযাপনের প্রস্তুতি নিচ্ছিল।

টানা তৃতীয় মেয়াদে আওয়ামী লীগ সরকারের প্রধান চিন্তা ছিল মুজিববর্ষ এবং বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনকে ঘিরে। এখন করোনা সংক্রমণের শুরুতেই আওয়ামী লীগের নীতিনির্ধারকরা মনে করছেন যে, যারা কাজ করতে পারবেন, যারা সরকারকে এগিয়ে নিয়ে যেতে পারবেন, দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন তাঁদেরকে সামনে নিয়ে আসা প্রয়োজন। এই কারণে সাইডলাইনে বসে থাকা হেভিওয়েটদের নিয়ে আওয়ামী লীগ মন্ত্রিসভায় পরিবর্তন আনতে চাচ্ছে বলে একাধিক সূত্র আভাস দিয়েছে।

ধর্ম প্রতিমন্ত্রী শেখ মোহাম্মদ আবদুল্লাহর মৃত্যুর পর এই মন্ত্রণালয় এখন মন্ত্রীশূন্য। এ অবস্থায় ধর্ম মন্ত্রণালয়ে দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রী অথবা প্রতিমন্ত্রী নিয়োগ দেওয়ার বিষয়ে সরকারের উচ্চ পর্যায়ে আলোচনা চলছে বলে জানা গেছে। এ মন্ত্রণালয়কে ঘিরেই মূলত এ রদবদলের গুঞ্জন ডালপালা ছড়াচ্ছে।

সংশ্লিষ্টরা মনে করছেন, ধর্ম মন্ত্রণালয়ে কাউকে নিয়োগ দেওয়ার

করবেন, তখনই তিনি মন্ত্রিসভায় রদবদল করতে বলবেন। তবে সাম্প্রতিক সময়ে আওয়ামী লীগের মধ্যে থেকেই মন্ত্রিসভার রদবদলের জন্যে এক ধরণের আকাঙ্ক্ষা তৈরি হয়েছে এবং এই নিয়ে আওয়ামী লীগের মধ্যে গুঞ্জনও কম নেই।

উত্তেজনা চরমে, আবারও রড নিয়ে ভারতীয় সীমান্তের কাছে চীনা বাহিনী

ভারতের সঙ্গে প্রায় ৪ হাজার ৩৮৮ কিলোমিটার এলাকাজুড়ে সীমানা রয়েছে চীনের। তাই সীমান্ত বিবাদ নিয়ে বহুবার সংঘর্ষে জড়িয়েছে এই দুই দেশ। সম্প্রতি আবারও উত্তপ্ত হয়ে উঠেছে সীমান্ত। লাদাখের মুখপারি এলাকার রাজাংলায় সোমবার ভারতীয় সেনাদের অবস্থান লক্ষ্য করে হাতে রড, বর্শা ও লাঠি নিয়ে এগুনোর চেষ্টা করেছিল চীনা সেনারা। মঙ্গলবার ভারতের সরকারি সূত্রের বরাত দিয়ে দ্য হিন্দু এ তথ্য জানিয়েছে।

ভারতের দাবি, সোমবার সন্ধ্যায় চীনের পিপলস লিবারেশন আর্মির ৫০ থেকে ৬০ জন সদস্য লাদাখের ব্যাংহং হুনানে প্রকৃত নিয়ন্ত্রণরেখা (এলএসি) পেরিয়ে ভারতের দখলে থাকা একটি পাহাড়ের চূড়া দখলের চেষ্টা করে। এসময় ফাঁকা গুলি চালায় চীনের বাহিনী। এর জবাবে সতর্কতামূলক গুলি চালায় ভারতীয় সেনাবাহিনীও।

সময়মতো দু’পক্ষেরই উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। চীন অবশ্য দাবি করেছে, ভারতীয় সেনারা একতরফাভাবে এলএসি অতিক্রম করে ও গুলি ছোড়ে।

ভারতীয় সূত্র জানিয়েছে, হামলার সময় চীনা সেনাদের হাতে রড, বর্শা, লাঠি ও ধারালো অস্ত্র ছিল।

এ ব্যাপারে চীনের কোনো মন্তব্য পাওয়া যায়নি।

সূত্র- বিডি প্রতিদিন

[redacted]

[redacted]

গ্যাস লাইনের লিকেজের বিষয়টি তিতাস গ্যাস কর্তৃপক্ষের নজরে আনেন। কিন্তু তিতাস গ্যাসের স্থানীয় কার্যালয়ের কর্মকর্তারা ৫০ হাজার টাকা দাবি করে লাইন মেরামতের জন্য। সংশ্লিষ্টদের অবহেলার কারণেই এই দুর্ঘটনা ঘটেছে।

সূত্র- কালের কন্ঠ

গাংনীতে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে সাক্ষরিত দিবস পালিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ এঁর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) ইয়ানুর রহমান ও উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন।

এ সময় দিবসটির তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা অফিসার আলাউদ্দিন,গাংনী সরকারী ডিগ্রী কলেজের সমাজ কল্যাণ বিভাগের প্রভাষক নাসিরউদ্দিন, গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রেজা। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

বীরশ্রেষ্ঠ মোস্তফা কামালের

মা মালেকা বেগম। ফাইল ছবি

বীরশ্রেষ্ঠ মোস্তফা কামালের মা মালেকা বেগম মারা গেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তার বয়স হয়েছিল ৯৬ বছর।

মঙ্গলবার সকাল সাড়ে ৭টার পর ভোলা সদর উপজেলার আলীনগর ইউনিয়নের মৌটুপি গ্রামে নিজের বাড়িতে তার মৃত্যু হয়।

বীরশ্রেষ্ঠ মোস্তফা কামালের ভাতিজা সেলিম আহমেদ সংবাদমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছেন।

জানা গেছে, মালেকা বেগম দীর্ঘদিন ধরেই কিডনি জটিলতা, রক্তশূন্যতাসহ বার্ধক্যজনিত বিভিন্ন সমস্যায় ভুগছিলেন। গত আগস্টে তাকে হেলিকপ্টারে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে নিয়েও চিকিৎসা দিতে হয়েছিল।

সেখান থেকে গত ৩ সেপ্টেম্বর ভোলার বাড়িতে ফেরেন মালেকা বেগম। তার পাঁচ দিনের মাথায় তিনি না ফেরার দেশে চলে গেলেন।

বিকালে আসরের নামাজের পর স্থানীয় বীরশ্রেষ্ঠ ঈদগাহ মাঠে জানাজা শেষে পারিবারিক কবরস্থানে মালেকা বেগমকে দাফন করা হবে বলে জানান সেলিম আহমেদ।

সূত্র- যুগান্তর